**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ চা বোর্ড
বাণিজ্য শাখা
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম
www.teaboard.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৯.০০০০.১০৫.৪২.০০৪.১৭.২৬৪ তারিখ: ২১ জানুয়ারি, ২০২৫খ্রি.

## দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শ্রীমঙ্গলস্থ ভানুগাছ রোডে অবস্থিত বাংলাদেশ চা বোর্ড নিয়ন্ত্রিত 'টি রিসোর্ট এন্ড মিউজিয়াম' নিম্নোক্ত শর্তে প্রাথমিকভাবে ৫ বছরের জন্য (পরবর্তীতে আলোচনা সাপেক্ষে নবায়নযোগ্য) ভাড়া দেওয়া হবে। আগ্রহী প্রতিষ্ঠানের নিকট থেকে তাঁদের নিজস্ব প্যাডে আগামী ০৯/০২/২০২৫ তারিখের (অফিস চলাকালীন) মধ্যে দরপত্র আহবান করা যাচ্ছে।

**দরপত্র দাখিলের শর্তাবলী:**

১। রিসোর্ট/হোটেল পরিচালনায় ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
২। কৃতকার্য্য দরদাতাকে চুক্তি সম্পাদনকালে ০২ বছরের ভাড়ার অর্থ একসাথে অগ্রিম পরিশোধ করতে হবে।
৩। স্বল্প পরিসরে রিসোর্টের উন্নয়ন কাজের পরিকল্পনা থাকতে হবে।
৪। এক বছরের উদ্বৃত ভাড়ার ২৫% অর্থ বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক হতে 'টি রিসোর্ট এন্ড মিউজিয়াম' শিরোনামে পে-অর্ডার করে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৫। দরপত্রের সাথে নিম্নোক্ত দলিলাদি সংযুক্ত করতে হবে-

(ক) মালিক/চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালকের এনআইডি/স্মার্টকার্ড এর সত্যায়িত ফটোকপি
(খ) ই-টিআইএনসহ হালনাগাদ আয়কর পরিশোধের ফটোকপি
(গ) ভ্যাট নিবন্ধন সনদের ফটোকপি
(ঘ) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি
(ঙ) মালিক একাধিক ব্যক্তি হলে প্রতিষ্ঠানের গঠনতন্ত্র অনুযায়ী কাগজপত্রের (মেমোরেন্ডাম/ব্যবসায়িক চুক্তিপত্র) সত্যায়িত ফটোকপি ও আরজেএসসি হতে ইনকর্পোরেশন সনদ/রেজিস্ট্রেশন অব ফার্মস সনদের সত্যায়িত ফটোকপি।
(চ) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট

৬। প্রাথমিকভাবে নির্বাচিত দরপত্রদাতাদের সাথে সাক্ষাৎকারের মাধ্যমে চূড়ান্তভাবে প্রতিষ্ঠান নির্বাচন করা হবে।
৭। বাংলাদেশ চা বোর্ড যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

২১/১/২৫
উপপরিচালক (বাণিজ্য)
ফোন: +৮৮০২৩৩৩৩৭৫০৬৪

CamScanner